আজকের কাগজ

তারিখ ... 27 JUN 1993 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

# বেতন ও পরীক্ষার ফি বৃদ্ধির প্রতিবাদে চট্টগ্রাম ভার্সিটিতে ছাত্র ধর্মঘট

**চট্টগ্রাম অফিস ঃ** পরীক্ষা ও অন্যান্য খাতে বর্ধিত ফি বাতিলের দাবিতে গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালিত হয়। সর্বদলীয় ছাত্র ঐক্য ছাত্র ধর্মঘটের ডাক দেয়। ধর্মঘট চলাকালে কোনো ধরনের একাডেমিক কাজ ও ক্লাস হয়নি। আচরণবিধির ফলে কোনো মিছিল, শ্লোগান সমাবেশ না হলে রেল চত্বরে যথারীতি সমাবেশ মিছিল অনুষ্ঠিত হয়। ছাত্র ধর্মঘট শেষে রেল চত্বরে সর্বদলীয় ছাত্র ঐক্য এক সমাবেশের আয়োজন করে। বক্তারা বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আচরণবিধির আড়ালে ছাত্র-ছাত্রীদের ওপর বিশ্বব্যাংকের প্রেসক্রিপসান অনুযায়ী পরীক্ষা ও অন্যান্য খাতে ফি বৃদ্ধি করে শিক্ষাকে ধনীক শ্রেণীর জন্যে বরাদ্দ করতে ষড়যন্ত্র করছে। অবিলম্বে এ সিদ্ধান্ত বাতিল না করলে, প্রয়োজনে দুর্বার আন্দোলন গড়ে তুলে তার জবাব দেয়া হবে এবং এর ফলে যে কোনো পরিস্থিতির দায়ভার কর্তৃপক্ষকেই বহন করতে হবে বলেও বক্তারা উচ্চারণ করেন। সেলিম রেজা সৌরভের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে বক্তব্য রাখেন সাইফুদ্দিন খালেদ খসরু, মাহবুব রহমান, আসাদুজ্জামান দীলিপ, মোহাম্মদ শাহজাহান, মুজিবুর রহমান প্রমুখ। উল্লেখ্য, বর্তমান ভিসি আর আই চৌধুরীর দায়িত্ব গ্রহণের পর এ প্রথম ছাত্র ধর্মঘট পালিত হয়।